

ডাকসু নির্বাচনে বাম ছাত্র সংগঠনগুলোর সম্মিলিত প্যানেল ঘোষণা

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৫:৫৩, ১৯ আগস্ট ২০২৫



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে অংশ নিতে চূড়ান্ত প্যানেল ঘোষণা করেছে বামপন্থি ছাত্র সংগঠনগুলোর জোট গণতান্ত্রিক ছাত্রজোট। মঙ্গলবার (১৯ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনের মাধ্যমে ‘প্রতিরোধ পর্ষদ’ নামে এই প্যানেল প্রকাশ করা হয়।

ঘোষিত প্যানেলে ভিপি পদে রয়েছেন শামসুন্নাহার হল সংসদের
সাবেক ভিপি শেখ তাসনিম আফরোজ ইমি। জিএস পদে
মনোনয়ন পেয়েছেন মেঘমল্লার বসু।

সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে লড়বেন জাবির আহমেদ
জুবেল, আর মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক
সম্পাদক পদে আছেন মোজাম্মেল হক।

এ ছাড়া অন্যান্য সম্পাদক পদে যারা প্রতিদ্বন্দ্বিতা করবেন—

- কমনরুম, রিডিংরুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক: নূজিয়া হাসিন (রাশা)
- মানবাধিকার ও আইন সম্পাদক: আকাশ আলী
- ক্যারিয়ার উন্নয়ন সম্পাদক: লিটন ত্রিপুরা
- সমাজসেবা সম্পাদক: আবু মুজাহিদ
- পরিবহন সম্পাদক: নিনাদ খান
- আন্তর্জাতিক সম্পাদক: নাইম উদ্দীন

- সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক: ফারিয়া মতিন (ইলা)
- ক্রীড়া সম্পাদক: মালিহা তাবাসসুম
- স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদক: শেখ তাসনুভা সৃষ্টি
- বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক: ফাতিন ইশরাক
- গবেষণা ও প্রকাশনা সম্পাদক: আমানত ইমরান

এ ছাড়া ১৩ জন সদস্য পদেও প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে। তাদের মধ্যে রয়েছেন—

তফসিরুল্লাহ (গণযোগাযোগ ও সাংবাদিকতা), রাজেকুজ্জামান জুয়েল (টেলিভিশন, ফিল্ম অ্যান্ড ফটোগ্রাফি), ওয়াকার রহমান সৌরভ (পালি অ্যান্ড বৌদ্ধ স্টাডিজ), মোহাম্মদ মুস্তাকিম (অর্থনীতি), মিশকাতুল মাশিয়াত তানিশা (ডিজাস্টার ম্যানেজমেন্ট), আতিকা আনজুম অর্থী (কারুশিল্প), পৃথিং মারমা (অপরাধ বিজ্ঞান), ইসরাত জাহান ইমু (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস), আনিয়া ফাহমিন (নৃবিজ্ঞান), রাহনুমা আহমেদ নিরেট (পদার্থবিজ্ঞান), সাজিদ উল ইসলাম (প্রাচ্যকলা), হেমা চাকমা (স্বাস্থ্য ও অর্থনীতি) এবং আলমগীর হোসেন (তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা)।

